মোকাম নবদ্বীপের সিভিল জজ আদালত, নবদ্বীপ, জেলা নদীয়া।

দেং নং ৫৮ ।২৪ R-85/24

বাদী- ১। সুরজীৎ সাহা (৪০)

২। মিঠুন সাহা (৩৮)

৩। শ্যামলী সাহা ( ৫৭)

১ ও ২ এর পিতা ও ৩ এর স্বামী

মৃত নিমাই চন্দ্র সাহা।

সর্ব সাং মালঞ্চপাড়া, থানা নবদ্বীপ, নদীয়া।

বনাম

বিবাদী - শোভা মান্না ( ৬০)

স্বামী শুকদেব মান্না

সাং ৩০ সি এস এন পাল রোড

থানা নওদা পাড়া, কোলকতা - ৫৭।

মোঃ বিবাদী- নবদ্বীপ পৌরসভা পক্ষে পৌরপতি, নবদ্বীপ, নদীয়া।

স্বত্ত্ব প্রচার ও চিরস্থায়ী নিষেধাজ্ঞা বাবদ নালিশী স

দাবী ১০০ টাকা।

---

বাদীগনের নালিশের বিবরণ এই যে-

১। তপশীল বর্ণিত সম্পত্তির পূর্বেকার মালিক ছিলেন ১ ও ২ নং এর পিতা ও ৩ নং এর স্বামী নিমাই চন্দ্র সাহা। তিনি উক্ত সম্পত্তি দান পত্র মূলে আভা রাণী সাহার নিকট হইতে প্রাপ্ত হন যাহার দান পত্র দলিল নং ৪৩১১।২০০১। তারপর নিমাই চন্দ্র সাহা নিজ নাম পত্তন করিয়া ট্যাকস ও খাজনা আদায় দিয়া দীর্ঘ কাল বসবাস ও ভোগ দখল করা কালে ইং ১০.৫.২৩ তারিখে পরলোকগমন করে এবং হিন্দু ওয়ারিশন আইন অনুসারে বাদীগন কে ওয়ারিশ রাখিয়া যান। নিমাই চন্দ্র সাহা পরলোকগমন করিবার পূর্বে উক্ত সম্পত্তিতে পাকা গৃহাদি নির্মান করিয়া যান এবং সেই গৃহাদিতে বাদীগন বসবাস করিতেছেন।

২। নালিশী সম্পত্তির সন্নিকটে বিবাদীর সম্পত্তি আছে। বিবাদী বিবাহ সূত্রে কোলকাতায় বসবাস করেন এবং মাঝে মাঝে নবদ্বীপে আসেন। বিবাদী গত কয়েক দিন যাবদ

—২

বাদীগনের শান্তিপূর্ণ ভোগ দখলে বাধা সৃষ্টি করিতেছেন ও বিবাদীর সহিত এলাকার কিছু লোক বিবাদীকে মদত দিতেছেন। বিবাদী বাদীগনের সম্পত্তিত জোর করিয়া দখল করিয়া বাদীগনের সম্পত্তির এনক্রোচ করিবার চেষ্টা করিতেছেন ও বাদীগন কে জোর করিয়া উচ্ছেদ করিবার চেষ্টা করিতেছেন। বাদীগন নালিশী সম্পত্তিতে দীর্ঘ ২০ বৎসরের উর্ধকাল ভোগ দখল করিতেছেন।

৩। গত ইং ২.৪.২৪ তারিখে বিবাদী ও তাহার হাতের কিছু লোকজন ১ নং বাদীকে বলেন তোর বাড়ীর ভিতর দিয়া রাস্তা করিবো । বাদীগনের বাড়ীর ভিতর দিয়া রাস্তা করিলে বাদীর চলাচলে সুবিধা হইবে। বাদী (১নং ) বলেন আমাদের বাড়ী ঘর পাকা কোথা দিয়া রাস্তা করিবেন । বিবাদী বলেন তাহার জন্য টাকা দিবো। ১ নং বাদী বলেন জায়গা দেওয়া সম্ভব নহে। তখন বিবাদী ১ নং বাদীকে বলেন সোজা ভাবে ঘি না উঠলে আঙ্গুল বেকিয়ে ঘি তুলতে জানি। বিবাদী রাজনৈতিক মদত পুষ্ট। তাহার হাতে অনেক লোকজন আছে। বাদী আশংখা করিতেছেন যে বিবাদী কে কোন দিন জোর করিয়া বাদীগনের জায়গা দখল করিতে পারেন । সেক্ষেত্রে বাদীগনের অপূরনীয় ক্ষতি হইবে যাহা অর্থ দ্বারা পূরণ করা সম্ভ ব হইবে না। সেকারণ বিবাদীর বেআইনী প্রচেষ্টা অত্র আদালতের চিরস্থায়ী নিষেধাজ্ঞার ডিক্রি দ্বারা প্রতিহত করা প্রয়োজন না হইলে বাদীগনের অপূরনীয় ক্ষতি হইবে যাহা অর্থ দ্বারা পূরণ করা সম্ভব হইবেত না।

৪। এই মামলায় নবদ্বীপ পৌরসভাকে মোকাবিলা বিবাদী করা হইল । কল কাঠি নারার পিছনে নবদ্বীপ পৌরসভার কিছু অসাধু ব্যক্তি আছেন। কিন্তু নবদ্বীপ পৌরসভার বিরুদ্ধে কোন প্রতিকার প্রার্থনা করা হইল না।

৫। মামলার কারণ ইং ২.৪.২৪ ও তাহার পূর্ব ও এখনো চলিতেছে। নালিশী সম্পত্তি নবদ্বীপ থানার অন্তর্গত হইবার কারনে বর্তমান মামলা অত্র আদালতের বিচার্য্য হইতেছে।

৬। বাদীগন ১০০ টাকার দাবীর উপর ১০ টাকার কোর্ট ফি দিয়া এই মামলা করিয়া প্রার্থনা করিতছেন যে-

ক। নালিশী সম্পত্তিতে বাদীগনের ১৬ আন দখল ও স্বত্ত্ব আছে মর্মে বাদীগনের অনুকূলে স্বত্ত্ব প্রচারের ডিক্রি দিতে আজ্ঞা হয়।

খ। বিবাদী ও তাহার হাতের লোকজন যাহাতে বাদীগনকে নালিশী সম্পত্তি হইতে জোর করিয়া উচ্ছেদ করিতে না পারেন ও নালিশী সম্পত্তি জোর করিয়া দখল করিতে না পারেন তদবাবদ বাদীগনের অনুকূলে ও বিবাদীর বিরুদ্ধে চিরস্থায়ী নিষেধাজ্ঞার ডিক্রি দিতে আজ্ঞা হয়।
গ। অন্যান্য প্রতিকার (ঘ) সমস্ত মামলা খরচা।

-৩

## তপশীল

জে । নদীয়া থানা নবদ্বীপ, হোল্ডিংনং ৭ শ্রীরামপুর রোড, ওয়ার্ড নং ১৬ নবদ্বীপ পৌরসভা ।

| মৌজা | খতিয়ান | দাগ নং | রকম | পরিমান |
|---|---|---|---|---|
| ২০, নবদ্বীপ, | সাবেক ২১১৭ হাল ৬৪৮৬ এল আর ৩৩৮০৮ | ৪১৮২ / ১০৮৩৭ এল আর ৭৬৪৪ | বাড়ী | ৩ $\frac{১}{৪}$ শতক |

চৌহদ্দি- দক্ষিনে- শোভা মান্নার জায়গা

পূর্বে- চক্রধর দাসের বাড়ী

পশ্চিমে- কমন প্যাসেজ

উত্তরে শ্রীরামপুর রোড।

## হলফনামা

আমি সুরজীৎ সাহা পিতা মৃত নিমাই চন্দ্র সাহা বয়স আনু: ৪০ বৎসর জাতি হিন্দু পেশা ব্যবসা সাং শ্রীরামপুর রোড, মালঞ্চপাড়া, থানা নবদ্বীপ, জেলা নদীয়া এতদ্বারা প্রতিজ্ঞাপূর্বক কহিতেছি যে এই মামলার সমস্ত বিবরণ আমার ও আমার মা ও এ দুই এর কথা মতো লেখা হইল ও পড়ে সহি করিলাম।

উক্ত বিবরণ আমার জ্ঞান মতে সত্য।

হলফকারী

শনাক্তকারী

এ্যাডভোকেট

Sl. 22 Date:- 04.04.24
Signature attested by me on identification of Advocate/Clerk

Dilip Chattopadhyay
Notary
Govt. of West Bengal
Regn. No- 2053/96
Nadia at Nabadwip